

MANIK SARKAR

Leader of the Opposition



TRIPURA LEGISLATIVE ASSEMBLY
CAPITAL COMPLEX, AGARTALA
WEST TRIPURA DISTRICT

৮ই সেপ্টেম্বর, ২০১৯

শ্রীমান মুখ্যমন্ত্রী মহোদয়,

ত্রিপুরায় সরকারী স্বাস্থ্য পরিষেবা ছিল প্রায় নি-খরচায়। কারণ, ত্রিপুরার মানুষ অধিকাংশ গরীব এবং স্বল্প আয়ী। কল্যাণকামী সরকারের দায়িত্ব ও কর্তব্য হচ্ছে এ ধরনের মানুষের পাশে দাঁড়ানো। সহায়তা করা।

কিন্তু আপনাদের সরকারের স্বাস্থ্য পরিষেবার নি-খরচার সুযোগ তুলে নেবার এবং মানুষকে স্বাস্থ্য পরিষেবা সরকারের কাছ থেকে কিনতে বাধ্য করার অতিসম্প্রতি ঘোষিত সিদ্ধান্ত অবিবেচনা প্রসূত এবং অমানবিক।

অন্তোদয় অনয়োজনা ভুক্তরা ব্যাতিত বাদবাকী সকলকেই স্বাস্থ্য পরিষেবার প্রশ্নে সরকারের কাছ থেকে যা কিছু সাহায্য-সহযোগিতা পেতেন তা থেকে বঞ্চিত করা হলো। সেই মানুষদের উপর নতুন করে আর্থিক বোঝা চাপিয়ে দেওয়া হলো। এতে বিপন্ন মানুষদের অশেষ দুর্ভোগের মুখোমুখি হতে হবে। বিরাট সংখ্যক মানুষদের পক্ষে চিকিৎসার সুযোগ নেওয়াই অসম্ভব হয়ে পড়বে।

তাই, মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্য দপ্তরেরও মন্ত্রী হিসাবে আপনাকে সবিনয়ে অনুরোধ জানাবো, আপনাদের এই জনস্বার্থ বিরোধী সিদ্ধান্ত দয়া করে পুনর্বিবেচনা করুন এবং প্রত্যাহার করুন।

বিনীত

শুভেচ্ছা সহ


(মানিক সরকার)

শ্রীযুত বিপ্লব কুমার দেব
মুখ্যমন্ত্রী
ত্রিপুরা